

সিলেটে অর্থমন্ত্রী ভ্যাট কমবে না বেসরকারি বিশ্ববিদ্যালয়ের

সিলেট অফিস >

যত আন্দোলনই হোক, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর আরোপিত ভ্যাট কোনোভাবেই কমানো হবে না বলে সাক্ষর জানিয়ে দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

গতকাল শুক্রবার সিলেটের বাণবাড়ী এলাকায় সরকারি শিশু সন্দেশে আয়োজিত এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ কথা জানান।

সরকার চলতি অর্থবছরের বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর সাড়ে ৭ শতাংশ হারে ভ্যাট আরোপ করে। জাতীয় রাজস্ব বোর্ড গত ৪ জুলাই এ বিষয়ে আদেশ জারি করে।

এরপর থেকেই এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ওই ভ্যাট প্রত্যাহারের দাবিতে রিফোড-সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছেন। ড্যাফোডিল ইউনিভার্সিটির এক শিক্ষক ও দুই শিক্ষার্থীর এক রিট আবেদনে হাইকোর্ট গত ৯ আগস্ট এ বিষয়ে একটি রুলও জারি করেছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর সাড়ে ৭ শতাংশ ভ্যাট আরোপের সিদ্ধান্ত কেন বেআইনি ঘোষণা করা হবে না জানতে চাওয়া হয়েছে ওই রুলে।

ভ্যাট নিয়ে আন্দোলন সম্পর্কে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'তাদের আন্দোলনে আমার কোনো সমর্থন নেই। তারা ৫০ হাজার, ৩০ হাজার টাকা বেতন দিতে পারে; আর মাত্র সাড়ে ৭ শতাংশ ভ্যাট কেন দেবে না?' সাম্প্রতিক সময়ে 'কিছু খুনের ঘটনা ছাড়া' দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি 'স্থিতিশীল' আছে বলেও মন্তব্য করেন মুহিত। তিনি বলেন, 'দেশে খুনখারাবি হলে স্বাভাবিকভাবেই

▶▶ পৃষ্ঠা ৫ ক. ১

ভ্যাট কমবে না বেসরকারি

প্রথম পৃষ্ঠার পর

রণা করা হয় যে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে। সেদিক থেকে বিবেচনা করলে ঠিক আছে। তবে কয়েকটি হত্যার ঘটনা ছাড়া ওভারঅল পরিস্থিতি ভালোই আছে।

ওই অনুষ্ঠানে অন্যদের মাঝে সিলেট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, মহানগর আওয়ামী লীগের সভাপতি বদরউদ্দিন আহমদ কামরান, সাধারণ সম্পাদক আসাদ উদ্দিন উপস্থিত ছিলেন।